গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
হবিগঞ্জ
নেজারত শাখা
www.habiganj.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৫.০১.০০১.২৩- ৫৭৬ তারিখ: ০৪ জুন ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়, উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিটের ০২ নভেম্বর ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০০৮.২৩-১১৯ ও ১৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০০৮.২৩.-২৪ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ এবং সার্কিট হাউজের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূণ্য পদের বিপরীতে প্রদর্শিত ২০১৫ সনের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় সম্পুর্ণ অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের নির্ধারিত মডেল ফরমে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	যোগ্যতা
০১	অফিস সহায়ক	গ্রেড-২০; ৮২৫০-২০,০১০	০৫ (পাঁচ) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
০২	নিরাপত্তা প্রহরী	গ্রেড-২০; ৮২৫০-২০,০১০	০৫ (পাঁচ) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে হবে;
০৩	পরিচ্ছন্নতাকর্মী	গ্রেড-২০; ৮২৫০-২০,০১০	০৭ (সাত) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
০৪	বাবুর্চি	গ্রেড-২০; ৮২৫০-২০,০১০	০২ (দুই) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা
০৫	সহকারী বাবুর্চি	গ্রেড-২০; ৮২৫০-২০,০১০	০১ (এক) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা
০৬	বেয়ারার	গ্রেড-২০; ৮২৫০-২০,০১০	০২ (দুই) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
০৭	মালি	গ্রেড-২০; ৮২৫০-২০,০১০	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

শর্তাবলী :

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) অনুসরণ করা হবে।

০৩। ১৯ জুন ২০২৪ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন।

০৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

০৬। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

চলমান পাতা-০২

০৭। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/অন্যান্য কাগজপত্রাদির মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা/অনাপত্তিপত্র।

(খ) হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি সনদ।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবংবীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধারপুত্র-কন্যার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

(ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাঅথবাবীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধারপুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদপত্র।

(জ) অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদপত্র।

(ঝ) ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজ ছবি।

(ঞ) ৩নং ক্রমিকে বর্ণিত পরিচ্ছন্নতাকর্মী পদে আবেদনকারীদের প্রযোজ্য ক্ষেত্রে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাত হরিজন সনদ দাখিল করতে হবে।

০৯। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রাক ভেরিফিকেশন পূর্বক চূড়ান্তভাবে নিয়োগ প্রদান করা হবে।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১১। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য হবিগঞ্জ জেলার ওয়েবসাইট অর্থাৎ (www.habiganj.gov.bd) লিংক হতে জানা যাবে।

১৩। আবেদনপত্রে প্রদত্ত যে কোনো তথ্য যে কোন পর্যায়ে ভূয়া/মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dchabiganj.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৯ জুন ২০২৪ সকাল ১০ ঘটিকা হতে।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৮ জুলাই ২০২৪ বিকাল ০৫ ঘটিকা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য 300pixel×প্রস্থ 300pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য 300pixel×প্রস্থ 80pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। অসত্য তথ্য দাখিল করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারি আইনের আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

চলমান পাতা-০৩

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form)যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

প্রথম SMS:DCHABIGANJ<space>UserID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example :DCHABIGANJ ABCDEF
Reply: Applicant's Name, Tk.112/-will be charged as application fee, Your PIN is xxxxxxxxx. To pay fee Type
DCHABIGANJ<Space>YES<Space>PIN and send to 16222

দ্বিতীয় SMS:DCHABIGANJ<space>YES<space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example :DCHABIGANJYES 123456789

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCHABIGANJ Recruitment Application for xxxxxxxxxx UserID is (ABCDEF) and Password (xxxxxxxxx)

বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিণ) করে নিবেন। প্রার্থী কর্তৃক এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://dchabiganj.teletalk.com.bd এবং ডিসি অফিস হবিগঞ্জ এর ওয়েবসাইট http://www.habiganj.gov.bdএ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMSপদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: DCHABIGANJ<space>Help<space>User<space>UserID& Send to 16222. Example: DCHABIGANJ Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে: DCHABIGANJ<space>Help<space>PIN<space>PIN Number & Send to16222. Example: DCHABIGANJ Help PIN 123456789.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://dchabiganj.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd বা ndchabiganj@gmail.com এ ই-মেইল, এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।(Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DCHABIGANJ, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

চলমান পাতা-০৪

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ছাড়াও দরখাস্ত বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে ।

০৪/০৭/২৪

মোছাঃ জিলুফা সুলতানা
জেলা প্রশাসক
হবিগঞ্জ
ফোন নম্বর: ০২৯৯৬৬০৬১০০
e-mail: dchabiganj@mopa.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৫.০১.০০১.২৩-৫৭৬(২০০) তারিখ: ০৪ জুন ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার .... (সকল)
০৩. জেলা প্রশাসক .... (সকল)
০৪. পুলিশ সুপার, হবিগঞ্জ
০৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ
০৬. উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
০৭. সিভিল সার্জন, হবিগঞ্জ
০৮. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্সিয়াল কমপ্লেক্স (১১ তলা), গুলশান-১, ঢাকা-১২১২। বিজ্ঞপ্তিটি আগামী ১৮ জুন ২০২৪ তারিখ পর্যন্ত https:/alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
০৯. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি/রাজস্ব/সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ
১০. উপজেলা নির্বাহী অফিসার.. (সকল), হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো
১১. মেয়র/প্রশাসক, হবিগঞ্জ পৌরসভা/নবীগঞ্জ পৌরসভা/শায়েস্তাগঞ্জ পৌরসভা/চুনারুঘাট পৌরসভা/মাধবপুর পৌরসভা/আজমিরীগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো
১২. সহকারী কমিশনার (ভূমি), ... (সকল), হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো
১৩. সহকারী কমিশনার, আইসিটি শাখা, হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর ওয়েব সাইটে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
১৪. জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁর নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো
১৫. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হবিগঞ্জ
১৬. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার,... পত্রিকা, ঢাকা/ .... পত্রিকা,হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ১০ইঞ্চিX৪ কলামে আগামী ১৯ জুন ২০২৪ তারিখের পূর্বে অফিস খোলার দিনে একদিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকাশিত পত্রিকার ০৫(পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো
১৭. অফিস কপি

০৪/০৭/২৪

মোছাঃ জিলুফা সুলতানা
জেলা প্রশাসক
হবিগঞ্জ